

বরিশালে শিক্ষা সচিবসহ ২২ জনের বিরুদ্ধে মামলা

বরিশাল ব্যুরো

হিজলা ডিগ্রি কলেজে কনিষ্ঠ প্রভাষকের অধ্যক্ষের পদ দখলের চেটার অভিযোগে শিক্ষা সচিবসহ ২২ জনকে বিবাদী করে আদালতে মামলা দায়ের করা হয়েছে। হিজলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. ওমর ফারুক মঙ্গলবার বরিশালের হিজলা সহকারী জজ আদালতে মামলাটি দায়ের করেন। আদালতের বিচারক মানসার বিবাদী কলেজের প্রভাষক আবদুর রাক্কাক, আজাদ, উপাধ্যক্ষ খগেন চন্দ্র বিশ্বাস ও রূপালী ব্যাংক বরিশাল ব্রাঞ্চের রোড শাখা ব্যবস্থাপককে কারগদর্শনোর পাশাপাশি ভারপ্রাপ্ত অধ্যক্ষের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা জারির নির্দেশ দিয়েছেন। মামলার অন্য বিবাদীরা হলেন— হিজলা ডিগ্রি কলেজের সভাপতি, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সুলতান মাহমুদ টিপু, বিদ্যোৎসাহী সদস্য হাফিজুর রহমান, মাহফুজা চৌধুরী, ডা. অশোক কুমার চ্যাটার্জি, শিক্ষক প্রতিনিধি কাজী মনিরুল ইসলাম, অভিভাবক সদস্য ইসাছাক, আনোয়ার হোসেন, ফারুক সরদার, শিক্ষক প্রতিনিধি শাহিনুর বেগম সিদ্দিকা, মতিউর রহমান, হিজলা উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বরিশাল জেলা প্রশাসক, জেলা শিক্ষা কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজ পরিদর্শক, রেজিস্ট্রার, ডিসি ও শিক্ষা মন্ত্রণালয়ের সচিব। মামলায় উল্লেখ করা হয়েছে, ২০০৫ সালের ৬ মার্চ হিজলা ডিগ্রি কলেজে অধ্যক্ষ হিসেবে যোগদান করেন মো. ওমর ফারুক। কলেজের ১৬নং ক্রমিকের রয়েছে ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক খগেন চন্দ্র বিশ্বাস। স্থানীয় প্রভাবশালী ব্যক্তি খগেন চন্দ্র বিশ্বাস সম্প্রতি অধ্যক্ষের পদ শূন্য করার জন্য ওমর ফারুককে বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ডে লিপ্ত হন। বিষয়টি বুঝতে পেরে তিন মাসের জন্য ছুটিতে যান অধ্যক্ষ ওমর ফারুক। কলেজের সিনিয়র প্রভাষক থাকার পরেও পেশি শক্তি খাটিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব নেন খগেন চন্দ্র বিশ্বাস। ১০ নভেম্বর তিন মাসের ছুটি শেষে কলেজে যোগদানের কথা থাকলেও ওমর ফারুক যাতে তার স্থানে যোগদান না করতে পারেন সে জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ খগেন চন্দ্র বিশ্বাস তার নামে মামলা করেন।